# বাংলাদেশমাদ্রাসাশিক্ষাবোর্ড,ঢাকা

২ অরফ্যানেজরোড, বকশিবাজার, ঢাকা-১২১১
**Website:**www.bmeb.gov.bd**E-mail:**info@bmeb.gov.bd**Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৩১০৭৩০৭১/নোয়াখালী-১৫৮/ ৯৮৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯ / 29 ফেব্রুয়ারি ২০২৩

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

নোয়াখালী জেলার চাটখিল উপজেলাধীন ফয়জুন নেছা মহিলা দাখিল মাদ্রাসার প্রতিষ্ঠাতা জনাব মনছুর আলম পাটোয়ারী একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় দাখিলকৃত ম্যানেজিং কমিটির নির্বাচনে মনোনয়ন ফরম জমাদানে বাধা প্রদান ও সভাপতি নির্বাচনে প্রস্তাবিত ব্যক্তিকে নির্বাচিত না করে অন্য ব্যক্তিকে নির্বাচিত করা হয়েছে মর্মে অভিযোগে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগকৃত ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রিজাইডিং অফিসারকে তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভূক্ত ব্যতিরেকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

29.02.2026

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
চাটখিল, নোয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৩১০৭৩০৭১/নোয়াখালী-১৫৮/৯৮৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯ / 29 ফেব্রুয়ারি ২০২৩

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, নোয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল, নোয়াখালী;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ফয়জুন নেছা মহিলা দাখিল মাদ্রাসা, চাটখিল, নোয়াখালী;
৫. জনাব মনছুর আলম পাটোয়ারী (অভিযোগকারী), চাটখিল, নোয়াখালী;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

29/2/23

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বরাবর,

চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয়ঃ প্রতিষ্ঠাতা সদস্য থেকে বাদ দেওয়ায় ম্যানেজিং কমিটি অনুমোদন না দেওয়ার আবেদন।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমি নিম্ন স্বাক্ষরকারী নোয়াখালী জেলার চাটখিল উপজেলাধীন ফয়জুন্নেছা মহিলা দাখিল মাদরাসা প্রতিষ্ঠা করি এবং প্রতিষ্ঠা কালে প্রায় ৮০ শতক জমি ও মাদরাসা একাডেমি ভবনসহ প্রচুর অর্থ দান করি। দীর্ঘ ২৪ বছর যাবত আমার নিজস্ব অর্থায়নে উক্ত মাদরাসা পরিচালিত হয়ে আসছে। আমি প্রতিষ্ঠাতা সভাপতি হিসেবে দীর্ঘ ২৪ বছর যাবত সুনাম ও বিশ্বস্ততার সাথে দায়িত্ব পালন করে আসছি। গত ২০১৯ খ্রিঃ সালে উক্ত মাদরাসা এমপিওভূক্ত হয়। এমপিওভূক্ত হওয়ার পর ১ম এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে আসছি। মাদরাসা শিক্ষা বোর্ডের পত্রানুযায়ী গত ১৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে মাদরাসা কর্তৃকপক্ষ ম্যানেজিং কমিটির নির্বাচনের তারিখ ঘোষণা করেন। সে প্রক্ষিতে এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ সদস্য ফরম ক্রয় করেন। কিন্তু এলাকার কিছু অসাধু লোকজন তাদের নির্ধারিত ব্যক্তি ছাড়া অন্য কাউকে সদস্য ফরম জমা দিতে বাধা প্রদান করেন এবং বিশৃঙ্খলা সৃষ্টি করায় তখন কর্তৃপক্ষ উক্ত নির্বাচন স্থগিত করেন এবং পরবর্তীতে ২৫/০১/২০২৩ খ্রিঃ নির্বাচনের তারিখ পুন নির্ধারণ করেন। কিন্তু আবারও অসাধু ব্যক্তিরা জোর করে তাদের নির্ধারিত ব্যক্তি ছাড়া অন্য কাউকে ফরম জমা দিতে দেয়নি। নির্বাচন সম্পন্ন হওয়ার পর কর্তৃপক্ষ সভাপতি মনোনয়নের জন্য ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখ নির্ধারণ করেন। উক্ত তারিখে উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে সভাপতি মনোনয়ন বোর্ড এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আমাকে প্রতিষ্ঠাতা সভাপতি হিসেবে ভোটার করা হয় নাই। সভার নির্বাচিত কয়েকজন সদস্য প্রথমে সভাপতি হিসেবে মনোনয়ন দেয়ার জন্য জাহাঙ্গীর আলমের নাম প্রস্তাব করলে, অন্যান্য সদস্যরা সম্মতি না দিয়ে প্রতিষ্ঠাতা সভাপতি ও বর্তমানে এডহক কমিটির সভাপতিকে পুনরায় সভাপতি করার প্রস্তাব করেন। একজনের অধিক প্রস্তাব থাকায় কর্তৃপক্ষ ভোটাভুটির ব্যবস্থা করেন। কিন্তু অসাধু ব্যক্তিদের নির্ধারিত ৫জন সদস্য ছাড়া অন্য অভিভাবক প্রতিনিধি ও প্রতিষ্ঠাতা সভাপতিকে ভোটের সুযোগ না দিয়ে তাহার ভাই আলমগীর হোসেনকে সভাপতি নির্বাচিত করেন। এটা সম্পূর্ন বে আইনী, প্রস্তাব।

উক্ত সভায় অন্যান্য সদস্যগণ প্রতিবাদ করে উক্ত নির্বাচন প্রত্যাখান করে চলে যান। কর্তৃপক্ষ (শিক্ষা অফিসার ও প্রিজাইডিং অফিসার) অসাধু ব্যক্তিদের জোরে ও অর্থে স্বার্থে নিয়ম না মেনে এক তরফা ভাবে আলমগীর হোসেনকে নির্বাচিত করেন। যাহা সম্পূর্ণ অবৈধ ও বে-আইনী।

এখানে উল্লেখ্য যে, ১ম নির্বাচনের তারিখ পরিবর্তন করা হয় অসাধু লোকদের বিশঙ্খলা ও চিহ্নিত লোকদের বাহিরে অন্য কাউকে সদস্য ফরম জমা দিতে না দেওয়ার কারণে। পরবর্তীতে সভাপতি মনোনয়ন প্রদানের ক্ষেত্রেও অসাধু ব্যক্তিরা প্রভাব খাটিয়ে জোর করে প্রস্তাবকারীর পরিবর্তে অন্য ব্যক্তি নির্বাচিত করেন।

এমতাবস্থায় প্রতীয়মান হয় যে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি/ দূনীতি করার উদ্দেশ্যেই উক্ত অসাধু ব্যক্তিরা নির্বাচন নিয়ে বিশৃঙ্খলাসহ জোর করে প্রশাসনকে দিয়ে সভাপতি নির্বাচিত করেন।

অতএব, ফয়জুন নেছা মহিলা দাখিল মাদরাসা সুষ্ঠভাবে পরিচালনা ও অনিয়ম রক্ষার্থে সরজমিনে সুষ্ঠ তদন্ত করে ২৫/০১/২০২৩খ্রিঃ তারিখে অভিভাবক সদস্য নির্বাচন এবং ৩১/০১/২০২৩ খ্রিঃ তারিখের সভাপতি নির্বাচন বাতিল করে পুনরায় নির্বাচন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানে অনুরোধসহ আপনার সানুগ্রহ দৃষ্টি কামনা করছি।

বিনীত নিবেদক

তারিখঃ ০২/০২/২০২৩ইং

**(মনছুর আলম পাটোয়ারী)**

প্রতিষ্ঠাতা সভাপতি

বর্তমানে সভাপতি, এডহক কমিটি

ফয়জুন্নেছা মহিলা দাখিল মাদরাসা (ইন-১০৭৩০৭)

চাটখিল, নোয়াখালী।